গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আটপাড়া, নেত্রকোণা।
www.uno.atpara.netrokona.gov.bd

নম্বর: ০৫.৪৫.৭২০৪.০০.৩৩.০৩৩.২২- ১০ তারিখ: ০৫ জানুয়ারি, ২০২৬

## "জলমহাল ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবি/যুব মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠন/সমিতিসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আটপাড়া উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে ইজারাযোগ্য ২০ (বিশ) একর পর্যন্ত আয়তনের নিম্নবর্ণিত বদ্ধ জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয় সায়রাত-১ অধিশাখা এর ২৩ নভেম্বর ২০২৫ ইং তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী বাংলা ১৪৩৩-১৪৩৫ সন পর্যন্ত (০১ বৈশাখ ১৪৩৩ হতে ৩০ চৈত্র ১৪৩৫ পর্যন্ত) এবং ইংরেজি ২০২৬-২০২৯ সাল পর্যন্ত (১৪/০৪/২০২৬ ইং তারিখ হতে ১৩/০৪/২০২৯) ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী প্রকৃত মৎস্যজীবী/সমিতির নিকট হতে (যেখানে যা প্রযোজ্য) শর্তসাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইনে lams.gov.bd এবং jm.lams.gov.bd ওয়েবসাইটে এ সংক্রান্ত নির্দেশিকা 'জলমহাল ইজারা ব্যবস্থাপনা সিস্টেম' অনুযায়ী অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। এ বিষয়ে বিস্তারিত তথ্যাদি উল্লিখিত ওয়েবসাইট ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, আটপাড়া, নেত্রকোণা হতে পাওয়া যাবে।

### উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০.০০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ব্যবস্থাপনা সিডিউল

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১ | ০১ মাঘ থেকে ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/১৫ জানুয়ারী থেকে ২৯ জানুয়ারী ২০২৬ খ্রি: | jm.lams.gov.bd ওয়েব সাইটের মাধ্যমে অনলাইনে সরকারী জলমহাল ইজারার আবেদন দাখিল। |
| ২ | ১৮ মাঘ থেকে ২০ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/ ০১ ফেব্রুয়ারী থেকে ০৩ ফেব্রুয়ারী ২০২৬ খ্রি: | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আটপাড়া, নেত্রকোণায় দাখিল |
| ৩ | ২২ মাঘ থেকে ২৮মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/ ০৫ ফেব্রুয়ারী থেকে ১১ ফেব্রুয়ারী ২০২৬ খ্রি: | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই |
| ৪ | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/ ১২ ফেব্রুয়ারী থেকে ১৮ ফেব্রুয়ারী ২০২৬ খ্রি: | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন |
| ৫ | ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/ ১৯ ফেব্রুয়ারী থেকে ১১ মার্চ ২০২৬ খ্রি: | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন |
| ৬ | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ/ ১২ মার্চ থেকে ১৬ মার্চ ২০২৬ খ্রি: | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ |
| ৭ | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ/ ১৭ মার্চ থেকে ২৯ মার্চ ২০২৬ খ্রি: | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারীত কোডে সাকুল্য ইজারা মূল্য ও অন্যান্য সরকারী করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন |
| ৮ | ১ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ১৪ এপ্রিল ২০২৬ খ্রি: | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া |

### বাংলা ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ২০ (বিশ) একর পর্যন্ত ইজারাযোগ্য বদ্ধ জলমহালের তালিকা

| ক্রমিক নং | উপজেলার নাম | ইজারাযোগ্য জলমহালের নাম | আয়তন, (২০ একর পর্যন্ত) | গড় আয়ের উপর ৫% বৃদ্ধিতে কাঙ্খিত সরকারি মূল্য | ইজারার মেয়াদ (বঙ্গাব্দ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | আটপাড়া | ধনুয়া বিল | ৭.২৩ একর | ১৯৪২৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ | কোন জলমহালের বিষয়ে কোন মামলায় আদালতের নিষেধাজ্ঞা থাকলে কিংবা মন্ত্রণালয়ের ভিন্নরূপ সিদ্ধান্ত থাকলে উক্ত জলমহালটি ইজারার ক্যালেন্ডারের তালিকা হতে বাদ দেয়া হয়েছে |
| ২. | -ঐ- | বাল্লার খাল | ০.৮২ একর | ১৫৭৫০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ৩. | -ঐ- | ধলাই বিল | ১৯.৪৬ একর | ৭৫৯১১/- | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ৪. | -ঐ- | বোরাদিয়া বিল | ১৬.১৫ একর | ১৩৬৫০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ৫. | -ঐ- | মাদল মরানদী | ১৪.১৮ একর | ৮৩৫০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ৬. | -ঐ- | কুতুবপুর খাস পুকুর | ০.৫৯ একর | ১২১৮০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ৭. | -ঐ- | বেকুয়া বিল | ৫.৩০ একর | ৩১৫০০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ৮. | -ঐ- | খলাপাড়া খাস পুকুর | ০.৭২ একর | ১২৫০০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ৯. | -ঐ- | যোগানিয়া বিল | ০.৬০ একর | ১০৫০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ১০. | -ঐ- | বাশাটি বিল | ৪.৪৮ একর | ১০৫০/- | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ১১. | -ঐ- | রাউল বিল | ৮.২৫ একর | ১৩২৩/- | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ১২. | -ঐ- | ইছাইল খাস পুকুর | ০.৫৩ একর | ৫৭৯/- | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ১৩. | -ঐ- | মঙ্গলসিদ্ধ খাস পুকুর | ০.৫০ একর | ২৫৫৩/- | ১৪৩৩ হতে ১৪৩৫ | |

CS CamScanner

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৪. | -ঐ- | মনছুরপুর খাস পুকুর | ০.৩৬ একর | ৪৩৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ | বলে গণ্য হবে। |
| ১৫. | -ঐ- | মালুয়া বিল | ৫.০০ একর | ২১৪৫/- | ১৪৩৩ হতে ১৪৩৫ | |

**শর্তাবলী**

০১. অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

০২. যে সকল জলমহালের উপর উর্ধ্বতন কর্তৃপক্ষের/মন্ত্রণালয়ের স্থগিতাদেশ/সিদ্ধান্তের অপেক্ষায় অথবা কোনো আদালতের স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থার আদেশ রয়েছে সে সকল জলমহালের উপর বর্ণিত আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া পরবর্তীতে কোনো জলমহালের উপর অনুরূপ আদেশ হলেও সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে। জলমহালের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি (www.uno.atpara.netrakona.gov.bd) ওয়েবসাইটেও পাওয়া যাবে।

০৩. জলমহালের আবেদন দাখিলের সকল শর্তাদি জেলা ওয়েবপোর্টাল ও জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

০৪. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে সকল তথ্যাদি প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলায় এবং একক প্রিন্টেড কপি সংশ্লিষ্ট উপজেলায় দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপর জলমহাল ইজারা প্রাপ্তির আবেদনে কথাগুলো স্পষ্ট ভাবে লিখতে হবে। খামের বাম পার্শ্বের নিম্ন ভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

০৫. অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে। প্রস্তাবিত মূল্যের উপর ১০% আয়কর ও ১৫% ভ্যাট পরিশোধ করতে হবে।

০৬. নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চূড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কোনো আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য ম্যানুয়ালী আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৭. কর্তৃপক্ষ কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোনো অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং জলমহাল ইজারা সংশ্লিষ্ট আইন/আদেশ/নির্দেশ যেগুলো এখানে উল্লেখ করা সম্ভব হয়নি, সেই আদেশ/নির্দেশ/আইনের সকল শর্তাবলী এই বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া পরবর্তীতে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত যে কোনো আদেশ/নির্দেশ এবং বিধিবিধান ও আবেদনকারী মেনে চলতে বাধ্য থাকবেন।

০৫/০১/২০২৬
(মো: শাহনূর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
আটপাড়া, নেত্রকোণা।
ফোন: ০৯৫২২-৭৪০০১

নম্বর: ০৫.৪৫.৭২০৪.০০.৩৩.০৩৩.২২-১০

তারিখ: ০৫ জানুয়ারি, ২০২৬

অনুলিপি সদয় অবগতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

১. জেলা প্রশাসক, নেত্রকোণা।
২. উপজেলা..............................................................কর্মকর্তা (সকল), আটপাড়া, নেত্রকোণা।
৩. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ........................................ ইউনিয়ন ভূমি অফিস, আটপাড়া, নেত্রকোণা। তাকে উক্ত বিজ্ঞপ্তিটি হাটের দিনে ঢোল সহরত ও মাইকের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৪. সম্পাদক .........................................................। ইজারা বিজ্ঞপ্তিটি যথাসম্ভব ছোট্ট পরিসরে ০১(এক)দিন তাঁর পত্রিকার ভিতরের পাতায় প্রকাশ পূর্বক পত্রিকার ০২ (দুই) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৫. জনাব ..........................................সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, আটপাড়া, নেত্রকোণা।
৬. জনাব..................................................সভাপতি/সম্পাদক,.......................................................মৎস্যজীবি সমবায় সমিতি লি:, আটপাড়া, নেত্রকোণা
৭. নোটিশ বোর্ড/সংশ্লিষ্ট নথি।

০৫/০১/২৬
(তানজিনা শারমিন দৃষ্টি)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
আটপাড়া, নেত্রকোণা।

CamScanner